নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৪৮ ৩ ডিসেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া ও মিলাদ মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩ ডিসেম্বর ২০২৫) বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে ওই দোয়া ও মিলাদের আয়োজন করা হয়। এতে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভাইস চেয়ারম্যান ও নোয়াখালী-৪ আসনের সাবেক সংসদ সদস্য মোহাম্মদ শাহজাহান ও নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

দোয়া অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোয়াখালী-৪ আসনের সাবেক সংসদ সদস্য ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান বলেন, বাংলাদেশের রাজনৈতিক সংগ্রামের ইতিহাসে বেগম খালেদা জিয়ার উল্লেখযোগ্য অবদান রয়েছে। বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে বাংলাদেশের আপামর গণমানুষের ঐক্যের প্রতীক তিনি। আমি দেশনেত্রীর রোগমুক্তি কামনায় দোয়ার আয়োজন করায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং আল্লাহর নিকট বেগম খালেদা জিয়ার দ্রুত আরোগ্য ও সুস্বাস্থ্য কামনা করছি।

নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বাংলাদেশের ইতিহাসে গণতান্ত্রিক আন্দোলন সংগ্রামে একজন আপোষহীন নেত্রী বেগম খালেদা জিয়া। আমি দোয়া করি, তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসুন এবং তাঁর সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশের গণতন্ত্রের উত্তরণের পথ সুগম হউক। আমি তাঁর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করি।

অনুষ্ঠানে অন্যান্যের মাঝে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জাহাঙ্গীর সরকার, নোয়াখালী জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব ও সাবেক পৌরমেয়র মো. হারুনুর রশীদ আজাদ, জেলা বিএনপির সদস্য এডভোকেট আব্দুর রহমান, নোবিপবি রিসার্চ সেল পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ, রেজিস্ট্রার মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

পরে নোবিপ্রবি সংলগ্ন বাংলাবাজার দারুল উলুম হোসাইনিয়া মাদ্রাসা ও এতিমখানায় খতমে কুরআন ও দোয়া মাহফিলে অংশ নেন অতিথিবৃন্দ। এ সময় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রায় দুই শতাধিক এতিম শিশুর মাঝে দুপুরের খাবার বিতরণ করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪